

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সাকুলার লেটার নং-১০/২০১১

০৬ আষাঢ়, ১৪১৮
তারিখ : -----
২০ জুন, ২০১১

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল বেসরকারি তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহের “এসএমই/কৃষি শাখা” খোলার ক্ষেত্রে
solar energy system স্থাপন প্রসঙ্গে।

এসএমই/কৃষি শাখা খোলা সংক্রান্ত বিআরপিডি সাকুলার লেটার নং-০৬, তারিখ ০৫/১১/২০০৯ এবং গ্রীন ব্যাংকিং সংক্রান্ত বিআরপিডি সাকুলার নং-০২, তারিখ ২৭/০২/২০১১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন থেকে স্থাপিতব্য এসএমই/কৃষি শাখাসমূহ হবে পরিবেশবান্ধব - যেখানে সূর্যের আলোর পর্যাপ্ত ব্যবহার, নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার, বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ী বাতি ও যন্ত্রপাতি ব্যবহার, পানির স্বল্প ব্যবহার এবং পরিশোধিত পানি ব্যবহারের সুযোগ থাকবে। এ উদ্দেশ্য বাস্তবায়ন করতে এখন থেকে “এসএমই/কৃষি শাখা” খোলার ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখায় solar energy system স্থাপন করতে হবে এবং নীতিগত অনুমোদন প্রাপ্ত শাখার অনুমতিপত্র সংগ্রহের জন্য আবেদনপত্রে এ বিষয়টি নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, “এসএমই/কৃষি শাখা” খোলা সংক্রান্ত উল্লিখিত সাকুলারের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(কে. এম. আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১১৭৮২৫